উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর বিশেষ কার্যক্রম
কার্যকর সাক্ষরতা ও ব্যবহারিক কর্মদক্ষতা প্রশিক্ষণ (প্রাক-বৃত্তিমূলক পর্যায়)

দেশের বিদ্যমান নিরক্ষর জনগোষ্ঠীকে কার্যকর জীবন দক্ষতাভিত্তিক সাক্ষরতা প্রদান করার জন্য প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীন উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর আওতায় সম্পূর্ণ রাজস্ব খাতের অর্থায়নে উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর বিশেষ কার্যক্রম 'কার্যকর সাক্ষরতা ও ব্যবহারিক কর্মদক্ষতা প্রশিক্ষণ' কোর্স বাস্তবায়ন করা হচ্ছে।

ছয় মাসের এই কোর্সটি হবে লিটারেসি এবং স্কিলের সমন্বয়ে মোট ৪৬০ ঘণ্টার। পর্যায়ক্রমে প্রতি ছয় মাসে নতুন শিক্ষার্থী নিয়ে কোর্স সম্পন্ন করা হবে। দেশের ৬৪ জেলার সদর উপজেলা/পার্শ্ববর্তী উপজেলায় (১৪-২৪ বছর বয়সী) অষ্টম শ্রেণি পর্যন্ত ঝরেপড়া শিক্ষার্থীদের নিয়ে তাদের কর্মদক্ষতা ও সাক্ষরতা জ্ঞান বৃদ্ধির লক্ষ্যে এই বিশেষ কার্যক্রম। কোর্স শেষে তারা শোভন কাজের সাথে যুক্ত হওয়ার সুযোগ পাবে।

দক্ষতা প্রশিক্ষণের জন্য উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো প্রাথমিকভাবে ১৩টি অকুপেশনের প্যাকেজ প্রস্তুত করেছে। অকুপেশনসমূহ হলো:

১. ইলেকট্রিক্যাল ইনস্টলেশন এন্ড মেইনটেনেন্স,
২. কম্পিউটার (পরিচালনা ও গ্রাফিক ডিজাইন),
৩. ফুড অ্যান্ড বেভারেজ (সার্ভিস অ্যান্ড প্রোডাকশন),
৪. ফ্রন্টডেস্ক ম্যানেজমেন্ট অ্যান্ড হাউজ কিপিং,
৫. রেফ্রিজারেশন এবং এয়ারকন্ডিশনিং,
৬. কনজিউমার ইলেকট্রনিক্স,
৭. ম্যাশনারি এন্ড রড বাইন্ডিং,
৮. টেইলরিং অ্যান্ড ড্রেস মেকিং,
৯. মোবাইল ফোন সার্ভিসিং,
১০. অ্যালুমিনিয়াম ফেব্রিকেশন,
১১. প্লাম্বিং এন্ড পাইপ ফিটিং,
১২. অটোমেটিভ মেকানিক্স ও
১৩. বিউটি কেয়ার।

কক্সবাজার জেলায় ইউনিসেফের সহযোগিতায় ১৪-১৮ বছর বয়সী কিশোর কিশোরীদের কার্যকর সাক্ষরতা ও ব্যবহারিক কর্মদক্ষতা উন্নয়নের জন্য পাইলটিং প্রকল্প স্কিলফো (SKILFO) বাস্তবায়ন করা হয়। এই কর্মসূচি হতে আহরিত অভিজ্ঞতা সারা দেশে ছড়িয়ে দেয়ার উদ্দেশ্যে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় সম্পূর্ণ রাজস্ব বাজেটে নিয়মিত কর্মসূচি বাস্তবায়নে উদ্বুদ্ধ হয়। মন্ত্রণালয়ের নির্দেশনার আলোকে উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো চলতি অর্থবছরে (২০২৬-২০২৭) ৫২টি জেলার একটি করে উপজেলায় সর্বোচ্চ ৪টি ট্রেডে (প্রতি ট্রেডে ২০জন শিক্ষার্থী) মোট ৮০ জনকে কোর্সভুক্ত করার পরিকল্পনা রয়েছে। দেশের ৫২ জেলায় মোট ৪০০০ জন ঝরেপড়া শিক্ষার্থীকে সাক্ষরতা ও ব্যবহারিক কর্মদক্ষতা প্রশিক্ষণ প্রদান করা হবে।